অপ্রতিরোধ্য
অগ্রযাত্রায়
বাংলাদেশ

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

# উন্নয়নের অগ্রযাত্রায় ডাইফ

## DIFE in the Progress of Development



কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তর

**শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়**

# উন্নয়নের অগ্রযাত্রায় ডাইফ

## DIFE in the Progress of Development

# সূচিপত্র

## Table of Contents


| ক্রমিক নং Sl. No. | বর্ণনা (Description) | পৃষ্ঠা (Page) |
|---|---|---|
| ১<br>1 | একটি তুলনামূলক আলোকপাত<br>**A comparative perspective** | ০৪<br>05 |
| ২<br>2 | নির্বাহী সারসংক্ষেপ<br>**Executive Summary** | ১০<br>11 |
| ৩<br>3 | সাংগঠনিক কাঠামো ও জনবলের উন্নয়ন<br>**Organizational Structure and Human Rersources Development:** | ১৪<br>15 |
| ৪<br>4 | বাজেট:<br>**Budget:** | ১৮<br>19 |
| ৫<br>5 | পরিদর্শন ব্যবস্থার উন্নয়ন:<br>**Development of Inspection System:** | ২০<br>21 |
| ৬<br>6 | ডিজিটাইজেশন ও উদ্ভাবনী উদ্যোগ:<br>**Digitization and innovation initiatives:** | ২৬<br>27 |
| ৭<br>7 | উচ্চতর ডিগ্রি ও প্রশিক্ষণ:<br>**Higher Degree and Training:** | ২৮<br>29 |
| ৮<br>8 | প্রকাশনা:<br>**Publication:** | ৩০<br>31 |
| ৯<br>9 | চলমান প্রকল্প:<br>**Ongoing Projects:** | ৩২<br>33 |
| ১০<br>10 | কর্মপরিকল্পনা ও রোডম্যাপ:<br>**Action Plan and Roadmap:** | ৩২<br>33 |
| ১১<br>11 | অভিযোগ গ্রহণ ও নিষ্পত্তি ব্যবস্থা:<br>**Complaint and their Disposal Mechanism:** | ৩৪<br>35 |
| ১২<br>12 | কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তর কর্তৃক গৃহিত/সম্পাদিত বিশেষ কার্যক্রমসমূহ:<br>**Special activities undertaken/carried out by the Department of Inspection for Factories and Establishments (DIFE)** | ৩৪<br>35 |
| ১৩<br>13 | ২০০৫-২০০৬ অর্থবছর, ২০২১-২২ এবং ২০২২-২৩ (এপ্রিল/২২) অর্থবছরে কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তরের নিয়মিত কার্যক্রমের পরিসংখ্যান<br>**Statistics of regular activities of the Department of Inspection for Factories and Establishments (DIFE) for the financial years 2005-2006, 2021-22 and 2022-23 (April/22)** | ৩৬<br>37 |

# কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তর
## ২০০৫-২০০৬ এবং ২০২২-২০২৩
## একটি তুলনামূলক আলোকপাত

| ক্রমিক | বিষয় | ২০০৫-০৬ অর্থবছর | ২০২২-২৩ অর্থবছর (এপ্রিল ২০২৩ পর্যন্ত) | বৃদ্ধি (শতকরা) | মন্তব্য |
|---|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ |
| ১ | দপ্তরের পরিচিতি | পরিদপ্তর | অধিদপ্তর | | |
| ২ | দপ্তর প্রধানের পদমর্যাদা | উপসচিব পদমর্যাদার (গ্রেড-৫) | অতিরিক্ত সচিব পদমর্যাদার (গ্রেড-২) | | |
| ৩ | অনুমোদিত মোট জনবল | ২২৬ | ১১৫৬ | ৪১১.৫% | |
| ৪ | অনুমোদিত পরিদর্শকের পদ সংখ্যা | ১১৯ | ৭১১ | ৪৯৭% | |
| ৫ | কর্মরত পরিদর্শকের সংখ্যা | ৮৩ | ৪০১ | ৩৮৩% | |
| ৬ | বাজেট বরাদ্দ (হাজারে) টাকা | ২০,৯৩৪ | ১,০৪,৬৬০ | ৩৯৯.৯৫% | |
| ৭ | পরিদর্শন টুলস | ৪ টি পরিদর্শন চেকলিস্ট | • বার্ষিক পরিদর্শন পরিকল্পনা<br>• ০৬ টি পরিদর্শন চেকলিস্ট<br>• ০৫ টি পরিদর্শন এস ও পি<br>• ০৬ টি পরিদর্শন গাইডলাইন<br>• পরিদর্শনের ডিজিটাল টুলস (LIMA) | | |
| ৮ | ডিজিটালাইজেশন | - | • লেবার ইন্সপেকশন ম্যানেজমেন্ট অ্যাপস (LIMA)<br>• One Click Reporting System<br>• ডাইফ এক সেবা মোবাইল এপ্লিকেশন<br>• DIFE OSH e-tools<br>• শতভাগ ই-নথিতে দাপ্তরিক কার্যক্রম সম্পাদন;<br>• ৩ লক্ষ শ্রমিকের ডাটাবেজ তৈরির কার্যক্রম গ্রহণ;<br>• ১০০০ কারখানার শ্রমিকের ডাটাবেজ তৈরির কার্যক্রম গ্রহণ | | |

# Department of Inspection for Factories and Establishments 2005-2006 & 2022-2023

## A comparative perspective

| Serial | Subject | 2005-2006 Fiscal year | 2022-2023 fiscal year (Up to April 2023) | growth (Percentage) | Comment |
|---|---|---|---|---|---|
| 1 | 2 | 3 | 4 | 5 | 6 |
| 1 | Name of the office | Directotate | Department | | |
| 2 | Rank - Head of the Department | Deputy Secretary (Grade-5) | Additional Secretary (Grade-2) | | |
| 3 | Total Approved Manpower | 226 | 1156 | 411.5% | |
| 4 | Number of Approved Post of Inspectors | 119 | 711 | 497% | |
| 5 | Number of Inspectors Working | 83 | 401 | 383% | |
| 6 | Budget Allocation (in Thousands Taka) | 2,81,21 | 52,41,00 | 1763% | |
| 7 | Inspection tools | 4 Inspection Checklist | • Annual Inspection Plan<br>• 06 Inspection Checklist<br>• 05 Inspection SOP<br>• 06 Inspection Guidelines<br>• Digital Tools of Inspection (LIMA) | | |
| 8 | Digitalization | - | • labour Inspection Management Apps(LIMA)<br>• One Click Reporting System<br>• DIFE is a service mobile application<br>• DIFE OSH e-tools<br>• 100 percent e-documents to carry out official activities;<br>• Taking up the process of creating a database of 3 lakh workers;<br>• 1000 factory workers' database creation activities undertaken | | |

| ক্রমিক | বিষয় | ২০০৫-০৬ অর্থবছর | ২০২২-২৩ অর্থবছর (এপ্রিল ২০২৩ পর্যন্ত) | বৃদ্ধি (শতকরা) | মন্তব্য |
|---|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ |
| ৯ | প্রকাশনা | - | ● ১৬ টি প্রকাশনা;<br>● ২ টি প্রকাশনার ড্রাফট চলমান | | |
| ১০ | কর্মপরিকল্পনা/রোডম্যাপ | | বিভিন্ন কার্যক্রম ও মেয়াদভিত্তিক ৬টি কর্মপরিকল্পনা/রোডম্যাপ | | |
| ১১ | আইন, বিধি, পলিসি | | - বাংলাদেশ শ্রম আইন, ২০০৬ (২০১৩ ,২০১৮ সালে উল্লেখযোগ্য ও যুগোপযোগী সংশোধন হয়)<br>- বাংলাদেশ শ্রম বিধিমালা, ২০১৫ (২০২২ সালে সংশোধন)<br>- শিশুশ্রম নিরসন নীতিমালা, ২০১০<br>- জাতীয় শ্রম নীতি, ২০১২<br>- জাতীয় পেশাগত স্বাস্থ্য ও সেইফটি নীতিমালা, ২০১৩<br>- গৃহকর্মী সুরক্ষা ও কল্যাণ নীতি, ২০১৫ | | |
| ১২ | নিবন্ধিত কারখানা/প্রতিষ্ঠানের সংখ্যা | ২০৯৩৪ টি | ১০৪৬৬০টি | ৩৯৯.৯৫ % | |
| ১৩ | রাজস্ব আদায় | ১০,৩৫,১৯৯ টাকা | ৪,৭৪,১৯,৭০৪ টাকা | ৪৪৮০% | |
| ১৪ | শ্রম পরিদর্শন সংখ্যা | ৭০০০ (কম/বেশি) | ৪১,০৬২ টি | ৪৮৬% | |
| ১৫ | দায়েরকৃত মামলা | ৯৫২০ টি | ৬৫৫ টি | | কমেছে |
| ১৬ | অভিযোগ নিষ্পত্তি | - | ৩৬১২ | ১০০% | |
| ১৭ | উদ্বুদ্ধকরণ সভা | - | ৯৪২ | ১০০% | |
| ১৮ | গণশুনানি | - | ৮০১ টি | ১০০% | |
| ১৯ | শিশুশ্রম নিরসন | - | ৩২১২ জন | ১০০% | |
| ২০ | প্রসূতি কল্যাণ সুবিধা | - | ৬৮,১৭,৮১,৫৫২ টাকা | | |

| Serial | Subject | 2005-2006 Fiscal year | 2022-2023 fiscal year (Up to April 2023) | growth (Percentage) | Comment |
|---|---|---|---|---|---|
| 1 | 2 | 3 | 4 | 5 | 6 |
| 9 | Publication | - | • 16 publications;<br>• Draft of 2 publications in progress | | |
| 10 | Action Plan/Roadmap | - | 6 action plans/roadmaps based on various activities and time frames | | |
| 11 | Legal Policy | | Bangladesh Labour Act, 2006 (2013, 2018 significant and up-to-date revisions) | | |
| | | | - Bangladesh Labour Rules, 2015 (Amended in 2022)<br>- Child Labou Elimination Policy, 2010<br>- National Labour Policy, 2012<br>- National Occupational Health and Safety Policy, 2013<br>- Domestic Workers Protection and Welfare Policy, 2015 | | |
| 12 | Number of registered factories/establishments | 20934 | 104660 | 399.95% | |
| 13 | Revenue collection | Taka 10,35,199 | Taka 4,74,19,704 | 4480% | |
| 14 | Number of Labour Inspections | 7000 (Less/More) | 41,062 | 486% | |
| 15 | Case filed (number) | 9520 | 655 | | |
| 16 | Complaint disposal(number) | - | 3612 | 100% | |
| 17 | Motivational meeting (number) | - | 942 | 100% | |
| 18 | public hearing (number) | - | 801 | 100% | |
| 19 | Elimination of child labour (number) | - | 3212 | 100% | |
| 20 | Maternity Benefits | - | 68,17,81,552 | | |

| ক্রমিক | বিষয় | ২০০৫-০৬ অর্থবছর | ২০২২-২৩ অর্থবছর (এপ্রিল ২০২৩ পর্যন্ত) | বৃদ্ধি (শতকরা) | মন্তব্য |
|---|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ |
| ২১ | ডে কেয়ার সেন্টার স্থাপন | - | ৬৪৪৮ টি | | |
| ২২ | সেইফটি কমিটি | - | ৬৮৬ টি | ১০০% | |
| ২৩ | ঠিকাদার সংস্থার লাইসেন্স প্রদান/নবায়ন | - | ২৮৭ টি | ১০০% | |
| ২৪ | প্রশিক্ষণ গ্রহণকারী কর্মকর্তার সংখ্যা | ৫০ জন | ৩৫৫৪ জন | | |
| ২৫ | বৈদেশিক প্রশিক্ষণ | ০২ | ২৬ জন | | |
| ২৬ | উচ্চতর শিক্ষা/ডিগ্রি গ্রহণ | ০ | ০৯ জন | | |
| ২৭ | সমন্বিত পরিদর্শন সংখ্যা | ০ | ৫০০০ টি (কম/বেশি) | ১০০% | |
| ২৮ | জাতীয় পেশাগত স্বাস্থ্য ও নিরাপত্তা বিষয়ক গবেষণা ও প্রশিক্ষণ ইনস্টিটিউট | ০ | ১ টি | | |
| ২৯ | হেল্প লাইন চালুকরণ | ০ | ১ টি (১৬৩৫৭) | | |

| Serial | Subject | 2005-2006 Fiscal year | 2022-2023 fiscal year (Up to April 2023) | growth (Percentage) | Comment |
|---|---|---|---|---|---|
| 1 | 2 | 3 | 4 | 5 | 6 |
| 21 | Setting up day care centers (number) | - | 6448 | | |
| 22 | Safety Committee (number) | - | 686 | 100% | |
| 23 | Issuance/renewal of license of outsourcing firm (number) | - | 287 | 100% | |
| 24 | Number of officers receiving training | 50 | 3554 | | |
| 25 | Foreign training (number) | 02 | 26 | | |
| 26 | Higher education/degree (number) | 0 | 09 | | |
| 27 | Number of integrated inspection (number) | 0 | 5000 (Less/More) | 100% | |
| 28 | National Occupational Safety and Health Training and Research Institute (NOSHTRI) | 0 | 1 | | |
| 29 | Help line | 0 | 1 (16357) | | |

# নির্বাহী সারসংক্ষেপ

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়ের অধীন বর্তমানে অন্যতম গুরুত্বপূর্ণ একটি প্রতিষ্ঠান হলো "কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তর।" কর্মক্ষেত্রে শ্রমিকদের পেশাগত নিরাপত্তা, স্বাস্থ্য ও কল্যাণ, চাকুরির শর্তাবলি ইত্যাদি সংক্রান্ত আইনানুগ বিধানাবলির প্রয়োগ ও বাস্তবায়ন নিশ্চিত করাই মূলত এ সংস্থার প্রধান লক্ষ্য। উপমহাদেশে শ্রম পরিদর্শন ব্যবস্থার ইতিহাস প্রায় শতাব্দী প্রাচীন। ঊনবিংশ শতাব্দীর শেষদিকে ভারতীয় উপমহাদেশে শ্রম বিষয়ক প্রথম আইন (কারখানা আইন ১৮৮১) প্রবর্তনের মাধ্যমে শ্রম প্রশাসন ব্যবস্থার অংশ হিসেবে কর্মক্ষেত্রে সরকারি পরিদর্শন কার্যক্রম স্বীকৃত হয় এবং পরবর্তিতে প্রবর্তিত অন্যান্য শ্রম আইনেও সরেজমিন পরিদর্শনের বিধান রাখা হয়। বস্তুত শ্রমিক-মালিক উভয়ের স্বার্থে আইনগতভাবে শ্রমিকদের কর্মক্ষেত্র পরিদর্শন বিধিবদ্ধ করা হয়। উনবিংশ শতাব্দীর শেষার্ধে উপমহাদেশে বৃটিশদের উদ্যোগে কিছু কিছু শিল্প প্রতিষ্ঠান স্থাপনের পাশাপাশি এসব শিল্পে শ্রমিক নিয়োগের শর্তাবলী নিয়ন্ত্রণ ও শ্রমিকদের কর্মক্ষেত্রের নিরাপত্তা বিধানের লক্ষ্যে সরকারি কর্তৃপক্ষ কর্তৃক কারখানা পরিদর্শনের বিধান সন্নিবেশিত হয়। এভাবে ভারতবর্ষে বৃটিশ ঔপনিবেশিক সরকারের প্রশাসনিক কার্যক্রমের মধ্যে শ্রম প্রশাসন ও পরিদর্শন ব্যবস্থা চালু হয়।

শ্রম প্রশাসন কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনার জন্য ১৯২০ সালে মাদ্রাজ ও বঙ্গদেশে দুটি লেবার কমিশনার পদ এবং লেবার কমিশনারের অধীনে অতিরিক্ত লেবার কমিশনার, ডেপুটি লেবার কমিশনার, সহকারী লেবার কমিশনার ও লেবার অফিসার পদ সৃষ্টি করা হয়। ১৯৪৭ সালে ভারত বিভাগের পর তদানীন্তন পূর্ব পাকিস্তানে লেবার কমিশনার পদ ও এর প্রাতিষ্ঠানিক কার্যক্রম চালু থাকে। ১৯৫৮ সালে লেবার কমিশনার পদবি পরিবর্তন করে শ্রম পরিচালক করা হয়। উল্লেখ্য যে, শ্রম প্রশাসনের অংশ হিসেবে শ্রম পরিদর্শন কর্মকাণ্ড প্রথমে লেবার কমিশনার ও পরবর্তীতে শ্রম পরিচালকের প্রশাসনিক কর্তৃত্বে পরিচালিত হতো। তবে শ্রম পরিদর্শন ব্যবস্থার অধিভুক্ত শ্রম আইনের ব্যাপকতার প্রেক্ষিতে পরিদর্শন কার্যাবলী সুষ্ঠুভাবে পরিচালনার লক্ষ্যে এবং সর্বোপরি আইএলও কনভেনশন-৮১ এর প্রতি দায়বদ্ধতার অংশ হিসেবে নূর খান কমিশনের সুপারিশ মোতাবেক ১৯৭০ সালে শ্রম পরিদপ্তর হতে পৃথক করে অনুমোদিত ২০৪ জনবলের কারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন পরিদপ্তর গঠন করা হয় এবং সে সময়ে বিদ্যমান শ্রম আইনসমূহের জন্যে প্রধান পরিদর্শক পদকে পরিদপ্তরের প্রধান নির্বাহী হিসেবে আইনগত ক্ষমতা দেয়া হয়।

স্বতন্ত্র পরিদপ্তর হিসেবে অস্তিত্ব লাভের পর সে সময়ে প্রচলিত শ্রম সম্পর্কিত ৪৬ টি আইন, অধ্যাদেশ, বিধিমালা ও রেগুলেশন্স শ্রমিকদের কর্মক্ষেত্রে বলবৎ করার দায়িত্ব পরিদর্শন পরিদপ্তরের উপর ন্যস্ত হয়। ঢাকায় সদর দপ্তরসহ পুরাতন চারটি বিভাগে চারটি বিভাগীয় কার্যালয় ও ২২টি শাখা কার্যালয়ের মাধ্যমে পরিদপ্তরের কর্মকাণ্ড পরিচালিত হতো। প্রতিষ্ঠানের কার্যক্রমের ভিত্তিতে পরিদর্শন কাঠামোকে দুটি শাখা, যথা: কারখানা ও প্রতিষ্ঠান শাখা এবং দোকান ও প্রতিষ্ঠান শাখায় বিভক্ত করে পরিদপ্তরের পরিদর্শন কার্যক্রম পরিচালনা করা হয়েছে। আবার শ্রম আইনের বিধানাবলীর প্রকৃতিগত ভিন্নতার আলোকে কারখানা ও প্রতিষ্ঠান শাখার পরিদর্শন কার্যক্রম তিনটি ভাগে, যথা: (১) প্রকৌশল (২) মেডিকেল ও (৩) সাধারণ নামে বিভক্ত ছিল। এ বিন্যাস মোতাবেক শিল্প প্রতিষ্ঠানের শ্রমিকদের পেশাগত নিরাপত্তা ও দুর্ঘটনা সংক্রান্ত বিষয়গুলি প্রকৌশল শাখার পরিদর্শকদের, পেশাগত স্বাস্থ্য,পরিচ্ছন্নতা ও প্রসূতি কল্যাণ ইত্যাদি বিষয়গুলি মেডিকেল শাখার পরিদর্শকদের এবং নিয়োগ ও চাকরির শর্তাবলী, কর্মঘণ্টা, ছুটি, মজুরি ইত্যাদি বিষয়গুলি সাধারণ পরিদর্শকদের আইনগতভাবে প্রয়োগ ও তদারকির ক্ষমতা প্রদান করা হয়। ২০১৪ সালের পূর্ব পর্যন্ত "কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন পরিদপ্তরের" উল্লিখিত সাংগঠনিক কাঠামো বিদ্যমান ছিল।

# Executive Summary

The "Department of Inspection for Factories and Establishments (DIFE)" is one of the most important organization under the Ministry of Labour and Employment of the Government of the People's Republic of Bangladesh currently. The key objectives of this organization are to the enforcement and implementation of the legal provisions related to employment conditions, particularly, occupational safety, health and welfare of workers at work. The history of labour inspection system is almost centuries old in the subcontinent. In the late nineteenth century, the introduction of the first labour law in the Indian subcontinent (the Factories Act, 1881) recognized government inspection activities at workplaces as part of the labour administration system, and other labour laws introduced later on also provided for on-site inspections. In fact, the inspection of workers' workplaces is legally mandated for the benefit of both workers and employers. In the latter half of the 19th century, along with the establishment of some industrial establishments in the subcontinent by the British, the provision of inspection of factories by government authorities was introduced to regulate the terms and conditions of employment of workers in these industries and to ensure the safety of the workers' workplaces. Thus, the Labour Administration and Inspection was integrated in administrative activities of the British Colonial Government of India.

In 1920, two posts of Labour Commissioners were created in the British Presendencies of Madras and Bengal and additional posts of Additional Labour Commissioner, Deputy Labour Commissioner, Assistant Labour Commissioner and Labour Officers were created under the post Labour Commissioner for smooth administration of labour administration. After the partition of India in 1947, the post of Labour Commissioner and its institutional functions continued in the then East Pakistan. In 1958, the title of Labour Commissioner was changed to Director of Labour. It is worthwhile to note that, as a part of Labour Administration, Labour Inspection activities were first carried out under the administrative authority of the Labour Commissioner and later the Director of Labour. However, in view of the comprehensiveness of the Labour Laws under the Labour Inspection system along with the aim of conducting the inspection function properly and above all as part of the responsibility towards the ILO Convention-81, the ``Directoriate of Inspection for Factory and Establishment" was formed separately from the Labour Directorate with 204 manpower as per the recommendation of the Noor Khan Commission, in 1970. From that time (1970), the existing labour laws provided the post of Chief Inspector the statutory powers as the Chief Executive of the Directorate.

After gaining the existence as a separate and independent Directotate, the responsibility of enforcing 46 laws, ordinances, rules and regulations relating to labour at that time was entrusted to the Inspection Derectotate. Four divisional offices in the old four divisions along with 4 regional and 22 branch offices including the headquarters in Dhaka were set up to consolidate and coordinate the activities of the Derectotate. Inspection activities of the Directorate were conducted by dividing the inspection structure into two branches on the basis of activities – namely, "Factories and Establishments" and "Shops and Establishments". Again, in the light of the different nature of the provisions of the Labour Act, the inspection activities for Factories and Establishments were divided into three wings, namely: (1) Engineering (2) Medical and (3) General. According to this arrangement, matters related to occupational safety and accidents of industrial workers were handled by the Inspectors of the Engineering Wing, occupational health, hygiene and maternity welfare etc. are handled by the Inspector of the Medical Branch and the terms and conditions of employment, working hours, holidays, The Inspector of General Wing. Prior to 2014, the said organizational structure of "Directotate of Inspection for Factories and Establishments" existed.

স্বাধীনতাউত্তর আশির দশক হতে দেশে ক্রম প্রসারমান তৈরি পোশাক কারখানাসহ অন্যান্য শিল্প ও বাণিজ্য প্রতিষ্ঠানের সংখ্যা ব্যাপকহারে বৃদ্ধি পেতে থাকায় এসব কর্মক্ষেত্রে নবাগত বিপুল শ্রমশক্তিকে একটি কার্যকর শ্রম পরিদর্শন ব্যবস্থাপনার আওতায় এনে তাদের জন্যে একটি নিরাপদ ও শোভন কর্মপরিবেশ নিশ্চিত করা ও টেকসই শ্রমবান্ধব চাকরি পদ্ধতি বিনির্মাণে কার্যকর ভূমিকা পালন পরিদপ্তরের বিভিন্ন সীমাবদ্ধতা ও স্বল্প জনবল দিয়ে সম্ভব হয়ে ওঠেনি। ফলে তৈরি পোশাক শিল্প সেক্টরে অহরহ ঘটতে থাকা মর্মান্তিক দুর্ঘটনা, অগ্নিকাণ্ড ইত্যাদি এবং চাকরির ইস্যুভিত্তিক অব্যাহত শ্রম অসন্তোষের প্রেক্ষাপটে বিদ্যমান শ্রম পরিদর্শন ব্যবস্থাপনার সংস্কার করে আইএলও কনভেনশন ৮১ এর আলোকে প্রয়োজনীয় কারিগরী জ্ঞানসমৃদ্ধ দক্ষ ও কার্যকর একটি শ্রম পরিদর্শন ব্যবস্থা গড়ে তোলার প্রয়োজনীয়তা জাতীয়ভাবে উপলব্ধি করা হয়। এরই ধারাবাহিকতায় জানুয়ারি ২০১৪ মাসে পুরাতন কারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন পরিদপ্তরকে অধিদপ্তরে উন্নীত করা। ৬৪ জেলায় অধিদপ্তরের কর্মকাণ্ড পরিচালনের জন্য পূর্বের সাংগঠনিক কাঠামো পরিবর্তন করে ২৩টি উপমহাপরিদর্শকের কার্যালয় ও একটি প্রধান কার্যালয় স্থাপনের মাধ্যমে দেশব্যাপী পরিদর্শন ব্যবস্থা জোরদার করা হয়। কাজের সুবিধার্থে প্রধান কার্যালয়ের কর্মকাণ্ড প্রশাসন ও উন্নয়ন, সাধারণ, স্বাস্থ্য এবং সেইফটি শাখায় হয় এবং উপমহাপরিদর্শকের কার্যালয়ের কর্মকাণ্ড সাধারণ, স্বাস্থ্য, সেইফটি এবং দোকান ও পরিদর্শন শাখার মাধ্যমে পরিচালিত হতো।

সর্বকালের সর্বশ্রেষ্ঠ বাঙ্গালি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের সুযোগ্য কন্যা মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনার নেতৃত্বে দেশের অপ্রতিরোধ্য উন্নয়ন ও ব্যাপক শিল্পায়নের ফলে কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তরের কার্যক্রমের আওতা যেমন বৃদ্ধি পেয়েছে, তেমনি আন্তর্জাতিক অঙ্গনে প্রত্যাশা ও প্রশংসার ক্ষেত্র বৃদ্ধি পেয়েছে। রূপকল্প ২০২১ এর ডিজিটাল বাংলাদেশ বিনির্মাণে এ অধিদপ্তরের ডিজিটাল পরিদর্শন ব্যবস্থা দেশে ও আন্তর্জাতিক অঙ্গনে প্রশংসিত হয়েছে। ২০২২ সালে এ অধিদপ্তরের আরো ০৮ টি নতুন উপমহাপরিদর্শকের কার্যালয় স্থাপনসহ ২৬৮ জন জনবল বৃদ্ধি হয়। বর্তমানে অধিদপ্তরের অনুমোদিত জনবল সংখ্যা ১১৫৬। এ অধিদপ্তরের অধীন দেশের একমাত্র জাতীয় পেশাগত স্বাস্থ্য ও নিরাপত্তা বিষয়ক গবেষণা ও প্রশিক্ষণ ইন্সটিটিউট (NOSHTRI) স্থাপন প্রক্রিয়া শেষ পর্যায়ে রয়েছে।

The salient limitations of the Directotate along with its limited manpower, it was not able to play the effective role in ensuring safe and decent work environment along with sustainable labour friendly employment system while the number of industrial and commercial establishments including ready-made garment factories had been increasing rapidly during the periods of post independence and in the eighties. It was realized nationally the need for establishing an effective labour inspection sytem in the light of ILO Convention 81 enriched with technical knowledge to address the large number of newcomers in these work places compounded with labour unrest due to clashing issues of employment, frequent fire and tragic accidents in ready-made-garment sector.

In continuation of this, in January 2014, the Directorate of Inspection of Old Factories and Institutions was promoted to the "Department of Inspection for Factories and Establishments (DIFE)”. Nationwide inspection system has been strengthened by changing the earlier organizational structure and setting up 23 Deputy Inspector General offices and one head office to manage the activities of the Directorate in all 64 districts of Bangladesh. In order to facilitate the works, the activities of the head office were carried out through the Administration and Development, General, Health and Safety Wing and the activities of the Deputy Inspector General's Office were managed through the General, Health, Safety and Shop and Inspection Wing.

As a result of the overwhelming development and extensive industrialization of the country under the leadership of the honorable Prime Minister Sheikh Hasina, the daughter of the greatest Bengali Father of the Nation, Bangabandhu Sheikh Mujibur Rahman, the scope of activities of the Department of Inspection for Factories and Establishments (DIFE) has increased, as well as the scope of expectations and appreciation in the international arena has increased. The digital inspection system of this department has been praised in the country and in the international arena in building of digital Bangladesh of Vision 2021. In 2022, the manpower of this department increased by 268 people with the establishment of 8 new offices of Deputy Inspector General. At present the approved manpower of DIFE is 1,156. The country's only National Occupational Health and Safety Research and Training Institute (NOSHTRI) under DIFE is established and its construction is at final stage and going to be completed very soon.

**১. সাংগঠনিক কাঠামো ও জনবলের উন্নয়ন:**

**১.১ ২০০৫-২০০৬ অর্থবছরে কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন পরিদপ্তরের অনুমোদিত জনবল ছিল ২২৬। উক্ত জনবল ১ টি প্রধান কার্যালয়, ০৪ টি বিভাগীয় কার্যালয়, ০৪ টি আঞ্চলিক কার্যালয় এবং ২২ টি শাখা কার্যালয় ছিল।**

২০০৭-২০০৮ এবং ২০১১-২০১২ অর্থবছরে যথাক্রমে ৫৯ এবং ২৯ টি পদ অস্থায়ীভিত্তিতে রাজস্ব খাতে সৃজনের মাধ্যমে পরিদপ্তরটির জনবল ৩১৪ এ উন্নীত হয়। ২০১৩-২০১৪ অর্থবছরে ৫৭৪ টি পদ অস্থায়ীভিত্তিতে রাজস্ব খাতে সৃষ্টিসহ কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন পরিদপ্তরকে অধিদপ্তরে রূপান্তর করা হয় এবং সাংগঠনিক কাঠামো পরিবর্তন করে ৬৪ জেলায় অধিদপ্তরের কার্যক্রম পরিচালনার জন্য ১টি প্রধান কার্যালয় ও ২৩ টি উপমহাপরিদর্শকের কার্যালয় সৃজন করা হয়। সর্বশেষ ২০২২-২৩ অর্থবছরে আরো ০৮টি নতুন উপমহাপরিদর্শকের কার্যালয় সৃজনসহ অস্থায়ীভিত্তিতে রাজস্ব খাতে ২৬৮টি পদ সৃষ্টি করা হয়।

| ক্রমিক নং | অর্থবছর | পদের সংখ্যা | শতকরা বৃদ্ধি |
|---|---|---|---|
| ০১ | ০২ | ০৩ | ০৪ |
| ০১ | ২০০৫-২০০৬ | ২২৬ | ১০.৭৮%<br>(১৯৭০ সালের সাপেক্ষে) |
| ০২ | ২০০৭-২০০৮ | ২৮৫ | ২৬.১০% |
| ০৩ | ২০১১-২০১২ | ৩১৪ | ১০.১৭% |
| ০৪ | ২০১৩-২০১৪ | ৮৮৮ | ১৮২.৮% |
| ০৫ | ২০২২-২০২৩ | ১১৫৬ | ৩০.১৮% |



**1. Organizational Structure and Human Rersources Development:**

**1.1 In the financial year 2005-2006, the approved manpower of the Directorate was 226 and they worked in 1 head office, 04 divisional offices, 04 regional offices and 22 district offices.**

The manpower of the Directorate increased to 314 by creating 59 and 29 posts on temporary basis in the revenue budget during the financial years 2007-2008 and 2011-2012 respectively. In the fiscal year 2013-2014, 574 posts were created on a temporary basis in the revenue budget, and the Directorate was converted into a "Department of Inspection for Factories and Establishments (DIFE)" by changing the organizational structure and formation of 1 head office and 23 Deputy Inspector Generals' offices to manage the activities of the Department in 64 districts. In the last financial year 2022-23, 268 posts were created in the revenue budget on temporary basis with the creation of 08 new offices of Deputy Inspector General.

| serial no | Fiscal year | No. of posts | Percent increase |
|---|---|---|---|
| 01 | 02 | 03 | 04 |
| 01 | 2005-2006 | 226 | 10.78% (With respect to 1970) |
| 02 | 2007-2008 | 285 | 26.10% |
| 03 | 2011-2012 | 314 | 10.17% |
| 04 | 2013-2014 | 888 | 182.8% |
| 05 | 2022-2023 | 1156 | 30.18% |



**১.২ পদ স্থায়ীকরণ সংক্রান্ত:**

২০০৫-২০০৬ অর্থবছরে কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন পরিদপ্তরের অনুমোদিত ২২৬টি স্থায়ী ছিল। পরবর্তীতে বিভিন্ন পর্যায়ে আরও ৯৩০টি পদ সৃজন হলেও পদসমূহ অস্থায়ী ছিল। ২০২১-২০২২ অর্থবছরে পদসমূহ স্থায়ীকরণে উল্লেখযোগ্য অগ্রগতি সাধিত হয়:

- ভূতাপেক্ষভাবে সংরক্ষণপূর্বক জনপ্রশাসন মন্ত্রণালয়, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয় এবং শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়ের প্রয়োজনীয় সকল কার্যক্রম সফলভাবে সম্পন্ন করে ৪৭২টি পদ স্থায়ী করা হয়।
- ১৫০টি পদ স্থায়ীকরণের কার্যক্রম জনপ্রশাসন মন্ত্রণালয়ে প্রক্রিয়াধীন রয়েছে। উল্লেখ্য যে, কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তরের স্থায়ীকরণযোগ্য পদ ৪৫৮।

**১.৩ জ্যেষ্ঠতার তালিকা প্রণয়ন ও পদোন্নতি সংক্রান্ত:**

কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন পরিদপ্তরের ২০০৫-২০০৬ অর্থবছরের তথ্য পর্যালোচনায় দেখা যায়:

- প্রথম শ্রেণির (৯ম, ৬ষ্ঠ ও ৫ম গ্রেড) কর্মকর্তাগণের কোন গ্রেডেশন তালিকা ছিলনা
- উচ্চমান সহকারী পদে ১ জনের পদোন্নতি প্রদান করা হয়েছিল;
- নিয়োগের জন্য সহকারী পরিদর্শক (মেডিক্যাল) এর ১টি পদের, পরিদর্শক (দোকান ও প্রতিষ্ঠান) এর ৫টি পদের, ষাটমুদ্রাক্ষরিক এর ১টি পদের, দারোয়ানের ১টি পদের এবং সুইপারের ১টি পদের ছাড়পত্র পাওয়া গিয়েছিল।

অন্যদিকে কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তরের ২০২২-২০২৩ অর্থবছরের তথ্য পর্যালোচনায় দেখা যায়:

- ১৬ তম গ্রেডের কর্মচারীর জ্যেষ্ঠতার তালিকা চূড়ান্তকরণপূর্বক ১৬তম গ্রেডের ১৮ জন কর্মচারীকে ১৪তম গ্রেডে পদোন্নতি দেয়া হয়েছে;
- ১৩ ও ১৪তম গ্রেডের কর্মচারীর জ্যেষ্ঠতার তালিকা চূড়ান্তকরণপূর্বক ১৯ জন কর্মচারীকে ১০ম গ্রেডে (শ্রম পরিদর্শক পদ) পদোন্নতি দেয়া হয়েছে;
- ১০ম গ্রেডের কর্মচারীর জ্যেষ্ঠতার তালিকা চূড়ান্তকরণের জন্য ৩০ সেপ্টেম্বর, ২০২২ তারিখে ০১টি কমিটি গঠন করা হয়। ৫ জানুয়ারি, ২০২৩ তারিখে দশ গ্রেডের কর্মচারীর জ্যেষ্ঠতার চূড়ান্ত তালিকা বিজ্ঞপ্তি আকারে প্রকাশ করা হয়। বিজ্ঞপ্তি প্রকাশের ত্রিশ কর্মদিবস পর ২১ মার্চ ২০২৩ তারিখে শুনানি গ্রহণ করা হয়;
- ৯ম গ্রেডের ৭০ জন কর্মচারীর জ্যেষ্ঠতার তালিকা প্রণয়নপূর্বক চূড়ান্তকরণের জন্য ২৮ আগস্ট, ২০২২ তারিখে শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়ে প্রেরণ করা হয়;
- ৬ষ্ঠ গ্রেডের ১২ জন কর্মচারীর (উপমহাপরিদর্শক) জ্যেষ্ঠতার তালিকা প্রণয়নপূর্বক মন্ত্রণালয়ে প্রেরণ করা হয় যা শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয় হতে ০৬/০১/২০২২ তারিখের ৪০.০০.০০০০.০২০.৯৯.০০৪.২১-০৮ নং প্রজ্ঞাপনের মাধ্যমে প্রকাশ করা হয়।

**১.৪ নতুন নিয়োগ:**

কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন পরিদপ্তরে ২০০৫-২০০৬ অর্থবছরে ৩ জন কর্মচারীর নতুন নিয়োগ হয়েছে। অন্যদিকে ২০২২-২০২৩ অর্থবছরের তথ্য পর্যালোচনায় দেখা যায়:

- সহকারী মহাপরিদর্শক, শ্রম পরিদর্শক, লাইব্রেরিয়ান পদে ৯৫ জনের সরাসরি নিয়োগ হয়েছে;
- ১৩-২০ তম গ্রেডের ৪৫ জন কর্মচারীকে নিয়োগ দেয়া হয়েছে;
- ৫৪ জন পরিদর্শক (সহকারী মহাপরিদর্শক ও শ্রম পরিদর্শক) নিয়োগের কার্যক্রম চূড়ান্ত পর্যায়ে রয়েছে (পুলিশ ভেরিফিকেশন চলমান রয়েছে);
- আরও ১৬৬ জন পরিদর্শক নিয়োগের জন্য সরকারি কর্মকমিশনে অধিযাচন প্রেরণ করা হয়েছে;

**1.2 Regarding regularization of posts:**

In the financial year 2005-2006, 226 approved posts of the Directorate of Inspection for Factories and Establishments were permanent. Later, 930 more posts were created at various levels but the posts were temporary. In FY 2021-2022 significant progress was made in regularization of posts:

- 472 posts were made permanent by successfully completing all necessary activities of Ministry of Public Administration, Department of Finance, Ministry of Finance and Ministry of Labour and Employment.
- The process of regularization of 150 posts is under process in the Ministry of Public Administration. It is worth mentioning that 458 posts of DIFE are eligble to get regularized and permanent.

**1.3 Regarding preparation of seniority list and promotion:**

A review of data for the 2005-2006 fiscal year by the Directorate showed as follws:

- First class (9th, 6th and 5th grade) officers had no gradation list
- Clearance for 1 person was promoted to the post of Upperdivision Assistant;
- 1 post of Assistant Inspector (Medical), 1 posts of Inspector (Shops and Establishments), 5 post of typists,1 post of Treasurer, 1 post of Gatekeeper (Darwan), and 1 post of Sweeper was received for recruitment.

On the other hand, a review of the data of DIFE for the fiscal year 2022-2023 shows the following:

- The seniority list of 16th Grade has been finalized and among them 18 employees have been promoted to Grade 14;
- 19 employees have been promoted to Grade 10 (Labour Inspector) after finalizing the seniority list of Grade 13 and Grade 14 employees;
- 01 committee was constituted on 30th September, 2022 for finalization of seniority list of 10th grade employees. The final seniority list of grade 10 employees was published in the form of notification on 5th January, 2023. Hearing was held on 21 March 2023 which was within thirty working days after the publication of the notice;
- On 28th August 2022 the finalized seniority list of 70 employees of 9th grade was sent to the Ministry of Labour and Employment;
- The seniority list of 12 employees (Deputy Inspector General) of 6th grade was prepared and sent to the Ministry which was published vide notification No. 40.00.0000.020.99.004.21-08 dated 06/01/2022 from the Ministry of Labour and Employment.

**1.4 New Appointments:**

3 new employees were recruited in the Directorate of Inspection for Factories and Establishments during the financial year 2005-2006.

On the other hand, a review of the data for the fiscal year 2022-2023 shows:

- 95 direct posts of Assistant Inspector General, Labour Inspector, Librarian have been recruited;
- 45 employees of grades 13-20 are employed;
- 54 inspectors (Assistant Inspector General and Labour Inspector) recruitment process is in final stage (police verification is in progress);
- Requisition of 116 inspectors have been sent to BPSC.

- অফিস সহায়ক পদের ৯০টি সরাসরি নিয়োগযোগ্য পদে নিয়োগের উদ্দেশ্যে লিখিত পরীক্ষা গ্রহণপূর্বক ফলাফল প্রকাশ করা হয়েছে।
- রাজস্ব খাতের ১৬তম গ্রেডের ১৮টি পদে নিয়োগের জন্য ইতোমধ্যে বিজ্ঞপ্তি প্রকাশ করা হয়েছে। লিখিত পরীক্ষা গ্রহণের প্রস্তুতি চলছে;
- ১৩-২০ তম গ্রেডের ২২ টি পদের ছাড়পত্র পাওয়া গিয়েছে। নিয়োগ প্রক্রিয়া শুরু করার জন্য জেলা প্রাপ্যতা নির্ধারণ চলমান রয়েছে।

**১.৫. নতুন পদ ও অফিস সৃজন:**

কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন পরিদপ্তরের ২০০৫-২০০৬ অর্থবছরের তথ্য মোতাবেক আলোচ্য বছরে কোন নতুন পদ সৃজন বা নতুন অফিস প্রতিষ্ঠা করা হয়নি।

২০২১-২০২২ এবং ২০২২-২০২৩ অর্থবছরে এ সংক্রান্ত অগ্রগতিসমূহ নিম্নরূপ:

- ২য় পর্যায়ে ২৭৮৪ জনবলের প্রস্তাবের প্রেক্ষিতে জনপ্রশাসন ও অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয় হতে কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তর (DIFE) এর ২৬৮টি নতুন পদের অনুমোদন পাওয়া যায়;
- অনুমোদিত নতুন পদসমূহের মধ্যে ১৩৬টি পরিদর্শকের পদ (যুগ্মমহাপরিদর্শক, উপমহাপরিদর্শক, সহকারী মহাপরিদর্শক (সাধারণ), সহকারী মহাপরিদর্শক (সেইফটি), শ্রম পরিদর্শক (সাধারণ), শ্রম পরিদর্শক (সেফটি), শ্রম পরিদর্শক (স্বাস্থ্য)। এছাড়াও প্রোগ্রামার, সহকারী প্রোগ্রামার, সহকারী মেইনটেনেন্স ইঞ্জিনিয়ার পদ সৃজন করা হয়েছে;
- প্রধান কার্যালয়ে ০৪টি অধিশাখার (প্রশাসন ও উন্নয়ন, সাধারণ, স্বাস্থ্য ও সেফটি) স্থলে নতুন অর্গানোগ্রামে ০৫টি অধিশাখা (প্রশাসন অধিশাখা, অর্থ ও পরিকল্পনা অধিশাখা, সাধারণ অধিশাখা, স্বাস্থ্য অধিশাখা ও সেইফটি অধিশাখা) সৃজন করা হয়েছে। এছাড়াও প্রশাসন অধিশাখার অধীনে মানবসম্পদ উন্নয়ন ও আইসিটি সেল এবং সেইফটি অধিশাখার অধীনে ইন্ডাস্ট্রিয়াল সেইফটি ইউনিট নামক নতুন শাখা সৃজন করা হয়েছে।
- জনপ্রশাসন মন্ত্রণালয়, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয় এবং শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়ের সকল প্রক্রিয়া সমাপনান্তে ০৮টি নতুন উপমহাপরিদর্শকের কার্যালয় (মানিকগঞ্জ, জামালপুর, গোপালগঞ্জ, ফেনী, কক্সবাজার, রাঙামাটি, নওগাঁ, ব্রাহ্মণবাড়িয়া) স্থাপন;
- জাতীয় পেশাগত স্বাস্থ্য ও নিরাপত্তা বিষয়ক গবেষণা ও প্রশিক্ষণ ইনস্টিটিউট (NOSHTRI)-এর ১৩ জন জনবলের প্রস্তাব অনুমোদন।

**১.৬. প্রাতিষ্ঠানিক কাঠামোতে নতুন সক্ষমতা সংযোজন:**

- আন্তর্জাতিক চাহিদায় (EU-NPA ও ILO-Roadmap) এবং কর্মক্ষেত্রের ইলেকট্রিক্যাল, স্ট্রাকচারাল এবং ফায়ার সেইফটি নিশ্চিতকরণে কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তর (DIFE) এ ১৪ জন প্রকৌশলীর (৭ জন পরিদর্শক-সেইফটি, ৭ জন প্রকৌশলী-ILO সহায়তায় নিয়োগকৃত) সমন্বয়ে Industrial Safety Unit (ISU) গঠন করা হয়েছে;
- ২০২১ সাল হতে টোল ফ্রি হেল্পলাইন (১৬৩৫৭) টি অত্র অধিদপ্তরের সম্পূর্ণ নিজস্ব ব্যবস্থাপনায় পরিচালিত হচ্ছে;
- সিস্টেম এনালিস্ট, সহকারী মেইনটেনেন্স ইঞ্জিনিয়ার ইত্যাদি পদ সৃজনের মাধ্যমে আইসিটি সেল গঠন করা হয়েছে;
- নতুন আরো একটি যুগ্মমহাপরিদর্শকের পদ সৃজনের মাধ্যমে অর্থ ও পরিকল্পনা নামক নতুন অধিশাখা সৃজন করা হয়েছে।

**২. বাজেট:**

২০০৫-২০০৬ অর্থবছরে কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন পরিদপ্তরের জন্য বরাদ্দকৃত বাজেটের পরিমাণ ২ কোটি ৮১ লক্ষ ২১ হাজার টাকা অন্যদিকে ২০২২-২০২৩ অর্থবছরে করকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তরে বরাদ্দকৃত বাজেটের পরিমাণ ৫২ কোটি ৪১ লক্ষ টাকা। ২০০৫-২০০৬ অর্থবছরের তুলনায় ২০২২-২০২৩ অর্থ বছরে বরাদ্দকৃত বাজেট প্রায় ১৭৬৩%।

- The results of the written examination for the recruitment of 90 direct recruitable posts of office assistants have been published.
- The notification has already been published for the recruitment of 18 posts of 16th grade in revenue budget. Preparation for taking the written test is underway;
- 22 posts of grades 13-20 have been cleared. Determining district availability to initiate recruitment process is ongoing.

**1.5. Creation of new posts and offices:**

According to the data of 2005-2006 financial year of the Directorate of Inspection for Factories and Establishments, no new posts were created or new offices were established during the year.

The progress in this regard during the financial years 2021-2022 and 2022-2023 is as follows:

- In view of the proposal of 2784 manpower in 2nd phase from Public Administration and Finance Department, Ministry of Finance, approval of 268 new posts in Department of Inspection for Factories and Establishments (DIFE) has achieved;
- Among the approved new posts are 136 posts of Inspector (Joint Inspector General, Deputy Inspector General, Assistant Inspector General (General), Assistant Inspector General (Safety), Labour Inspector (General), Labour Inspector (Safety), Labour Inspector (Health). Besides, the posts of System Analyst, Assistant Maintenance Engineer has been created;
- 05 sub-departments (Administration Department, Finance and Planning Department, General Department, Health Department and Safety Department) have been created in the new organogram instead of 04 sub-departments (Administration and Development, General, Health and Safety) at the Head Office. Also, a new wing called ICT Cell under Administration Division and Industrial Safety Unit under Safety Division has been created.
- Establishment of 08 new Deputy Inspector General's offices (Manikganj, Jamalpur, Gopalganj, Feni, Cox's Bazar, Rangamati, Naogaon, Brahmanbaria) at the end of all the processes of Ministry of Public Administration, Finance Department, Ministry of Finance and Ministry of Labour and Employment;
- Approval of the proposal for 13 manpower for the National Occupational Safety and Health Training and Research Institute (NOSHTRI).

**1.6. Addition of new capabilities to the institutional framework:**

- In international demand (EU-NPA and ILO-Roadmap) and in ensuring electrical, structural and fire safety of workplacesAt the Department of Inspection for Factories and Establishments (DIFE), 14 Engineers (7 Inspector-Safety, 7 Engineer-ILORecruited in support) in combination Industrial Safety Unit (ISU) have been formed;
- From the 2021, Toll free helpline (16357) is being run under the complete management of this department;
- ICT cell has been formed by creating posts of System Analyst, Assistant Maintenance Engineer etc.;
- A new division called Finance and Planning has been created by creating one more post of Joint Inspector General.

**2. Budget:**

In the fiscal year 2005-2006, the budget allocated to the Directorate of Inspection of Factories and Institutions was Taka 2 crore 81 lakh 21 thousand, while in the fiscal year 2022-2023, the budget allocated to the Department of Inspection for Factories and Establishments is Taka 52 crore 41 lakhs. Budget allocated in FY 2022-2023 as compared to FY 2005-2006 is about 1763%.

| ক্রমিক নং | অর্থবছর | বাজেটের পরিমাণ (হাজারে) | প্রবৃদ্ধি (২০০৫-২০০৬ এর তুলনায়) |
|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ |
| ১ | ২০০৫-২০০৬ | ২,৮১,২১ | |
| ২ | ২০২১-২০২২ | ৪৪,৯৪,০০ | ১৪৯৮% |
| ৩ | ২০২২-২০২৩ | ৫২,৪১,০০ | ১৭৬৩% |




**৩. পরিদর্শন ব্যবস্থার উন্নয়ন:**

**৩.১ পরিদর্শকের পদ ও গ্রেড:**

২০০৫-২০০৬ অর্থবছরে বিদ্যমান পদ, গ্রেড ও কর্মরত পরিদর্শক:

| ক্রমিক নং | পরিদর্শকের পদ | গ্রেড | অনুমোদিত পদ সংখ্যা | কর্মরত | মন্তব্য |
|---|---|---|---|---|---|
| ০১ | ০২ | ০৩ | ০৪ | ০৫ | ০৬ |
| ০১ | প্রধান পরিদর্শক | ৫ম | ০১ | ০১ | পরিদপ্তরের প্রধান |
| ০২ | উপপ্রধান পরিদর্শক (প্রকৌশল) | ৬ষ্ঠ | ০১ | ০১ | প্রধান কার্যালয়ের শাখা প্রধান (তত্ত্বাবধায়ক) ও বিভাগীয় অফিস প্রধান |
| ০৩ | উপপ্রধান পরিদর্শক (মেডিক্যাল) | ৬ষ্ঠ | ০১ | ০১ | |
| ০৪ | উপপ্রধান পরিদর্শক (সাধারণ) | ৭ম | ০৫ | ০৫ | |
| ০৫ | সহকারী প্রধান পরিদর্শক (সাধারণ) | ৯ম | ১০ | ১০ | মিড লেভেল পরিদর্শক |
| ০৬ | পরিদর্শক (মেডিক্যাল) | ৯ম | ১৭ | ০৪ | |
| ০৭ | পরিদর্শক (প্রকৌশল) | ৯ম | | ০৫ | |
| ০৮ | সহকারী পরিদর্শক, (প্রকৌশল/মেডিক্যাল) | ১০ম | ১৬ | ০৬ | মাঠ পর্যায়ের পরিদর্শক |
| ০৯ | শ্রম পরিদর্শক (সাধারণ) | ১২ তম | ১৭ | ১৩ | |
| ১০ | ডক লেবার সেইফটি অফিসার | ১০ম | ০২ | ০২ | |
| ১১ | পরিদর্শক (স্থায়ী আদেশ) | ১২ তম | ০১ | ০১ | |
| ১২ | পরিদর্শক, দোকান/প্রতিষ্ঠান | ১৬তম | ৪৮ | ৩৪ | |
| | মোট পরিদর্শক | | ১১৯ | ৮৩ | |

| serial no | Fiscal year | Budget Amount (in thousands) | The growth (Compared to 2005-2006) |
|---|---|---|---|
| 1 | 2 | 3 | 4 |
| 1 | 2005-2006 | 2,81,21 | |
| 2 | 2021-2022 | 44,94,00 | 1498% |
| 3 | 2022-2023 | 52,41,00 | 1763% |




**3. Development of Inspection System:**

**3.1 Rank and Grade of Inspector:**

Existing Posts, Grades and Working Inspectors in FY 2005-2006:

| serial no | Post of inspector | Grade | No. of Posts Allowed | working | Mambavya |
|---|---|---|---|---|---|
| 01 | 02 | 03 | 04 | 05 | 06 |
| 01 | Chief Inspector | 5th | 01 | 01 | Head of Department |
| 02 | Deputy Inspector General (Engineering) | 6th | 01 | 01 | Branch Head (Supervisor) and Divisional Office Head of Head Office |
| 03 | Deputy Chief Inspector (Medical) | 6th | 01 | 01 | |
| 04 | Deputy Inspector General (General) | 7th | 05 | 05 | |
| 05 | Assistant Chief Inspector | 9th | 10 | 10 | Mid Level Inspector |
| 06 | Inspector (Medical) | 9th | | 04 | |
| 07 | Inspector (Engineering) | 9th | 17 | 05 | |
| 08 | Assistant Inspector, (Engineering/Medical) | 10th | 16 | 06 | Field inspector |
| 09 | Labour inspector | 12th | 17 | 13 | |
| 10 | Dock Labour Safety Officer | 10th | 02 | 02 | |
| 11 | Inspector (Standing Order) | 12th | 01 | 01 | |
| 12 | Inspector, Shop/Establishment | 16th | 48 | 34 | |
| | Total Inspectors | | 119 | 83 | |

**২০২২-২০২৩ অর্থবছরে বিদ্যমান পদ, গ্রেড ও কর্মরত পরিদর্শক:**

| ক্রমিক নং | পরিদর্শকের পদ | গ্রেড | অনুমোদিত পদ সংখ্যা | কর্মরত | মন্তব্য |
|---|---|---|---|---|---|
| ০১ | ০২ | ০৩ | ০৪ | ০৫ | ০৬ |
| ০১ | মহাপরিদর্শক | ২য় | ০১ | ০১ | অধিদপ্তর প্রধান |
| ০২ | অতিরিক্ত মহাপরিদর্শক | ৩য় | ০১ | ০১ | |
| ০৩ | যুগ্মমহাপরিদর্শক | ৫ম | ০৫ | ০০ | প্রধান কার্যালয়ের অধিশাখা প্রধান |
| ০৪ | উপমহাপরিদর্শক | ৬ষ্ঠ | ৪০ | ০৮ | প্রধান কার্যালয়ের শাখা প্রধান/ জেলা কার্যালয় প্রধান |
| ০৫ | সহকারী মহাপরিদর্শক (সাধারণ) | ৯ম | ১১১ | ৩৯ | মাঠ পর্যায়ের মিড লেভেল পরিদর্শক |
| ০৬ | সহকারী মহাপরিদর্শক (স্বাস্থ্য) | ৯ম | ৪১ | ২৩ | |
| ০৭ | সহকারী মহাপরিদর্শক (সেইফটি) | ৯ম | ৪৯ | ২৪ | |
| ০৮ | শ্রম পরিদর্শক (সাধারণ) | ১০ম | ৩০০ | ২১৭ | মাঠ পর্যায়ের এন্ট্রি পরিদর্শক |
| ০৯ | শ্রম পরিদর্শক (স্বাস্থ্য) | ১০ম | ৭৭ | ৪৮ | |
| ১০ | শ্রম পরিদর্শক (সেইফটি) | ১০ম | ৮৬ | ৪০ | |
| | মোট পরিদর্শক | | ৭১১ | ৪০১ | |

| ক্রমিক | অর্থবছর | অনুমোদিত পরিদর্শক পদের সংখ্যা | কর্মরত পরিদর্শক সংখ্যা | মন্তব্য |
|---|---|---|---|---|
| ০১ | ০২ | ০৩ | ০৪ | ০৫ |
| ০১ | ২০০৫-২০০৬ | ১১৯ | ৮৩ | |
| ০২ | ২০২২-২০২৩ | ৭১১ | ৪০১ | বৃদ্ধির হার ৫৪০% |

### ৩.২ পরিদর্শন ব্যবস্থা:

২০০৫-২০০৬ অর্থবছরে কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন পরিদপ্তরের পরিদর্শকগণ কর্তৃক মূলত শ্রম সম্পর্কিত বিভিন্ন রকম আইন বিধি ও অর্ডিন্যান্স মোতাবেক কারখানা, দোকান ও প্রতিষ্ঠান পর্যায়ে পরিদর্শন কার্যক্রম পরিচালিত হতো। কারখানা পর্যায়ে সেইফটি, স্বাস্থ্য ও নিরাপত্তা বিষয়ক পরিদর্শন কার্যক্রম তিনটি আলাদা চেকলিস্টের মাধ্যমে সংশ্লিষ্ট পরিদর্শক কর্তৃক সম্পাদন করা হতো। দোকান/প্রতিষ্ঠান পর্যায়ে পরিদর্শনের জন্য দোকান ও প্রতিষ্ঠান পরিদর্শক কর্তৃক আলাদা চেকলিস্ট ব্যবহার করা হতো। চেকলিস্ট পূরণের বিশেষ ম্যানুয়াল, Standard Operating Procedure (SOP), পরিদর্শন সম্পাদন বা পরিদর্শনের তথ্য সংগ্রহের জন্য কোন ডিজিটাল প্লাটফর্ম বা অ্যাপ্লিকেশন ছিল না। মূলত পরিদর্শন ডাটা ম্যানুয়ালি সংরক্ষণ করা হতো।

২০২২-২০২৩ অর্থবছরের প্রাপ্ত তথ্যে দেখা যায় বর্তমানে কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তর কর্তৃক বাংলাদেশ শ্রম আইন, ২০০৬ (যা পূর্ববর্তী প্রায় ২৫টি শ্রম সম্পর্কিত আইন/বিধি/অর্ডিন্যান্সের আলোকে প্রণীত) এবং বাংলাদেশ শ্রম বিধিমালা, ২০১৫ মোতাবেক কারখানা, দোকান ও প্রতিষ্ঠান পর্যায়ে পরিদর্শন কার্যক্রম সম্পাদন করে থাকে।

**Existing Posts, Grades and Working Inspectors in FY 2022-2023:**

| serial no | Post of inspector | Grade | No. of Posts Allowed | working | Remarks |
|---|---|---|---|---|---|
| 01 | 02 | 03 | 04 | 05 | 06 |
| 01 | Inspector General | 2nd | 01 | 01 | Head of Wing |
| 02 | Additional Inspector General | 3rd | 01 | 01 | |
| 03 | Joint Inspector General | 5th | 05 | 00 | Head of Wing of Head Office |
| 04 | Deputy Inspector General | 6th | 40 | 08 | Branch Head of Head Office / Head of District Office |
| 05 | Assistant Inspector General, General | 9th | 111 | 39 | Field Level Mid Level Inspector |
| 06 | Assistant Inspector General, Health | 9th | 41 | 23 | |
| 07 | Assistant Inspector General, Safety | 9th | 49 | 24 | |
| 08 | Labour Inspector, General | 10th | 300 | 217 | Field Entry Inspector |
| 09 | Labour Inspector, Health | 10th | 77 | 48 | |
| 10 | Labour Inspector, Safety | 10th | 86 | 40 | |
| | Total Inspectors | | 711 | 401 | |

| Serial | Fiscal year | No. of approved inspector posts | Number of inspectors working | Remarks |
|---|---|---|---|---|
| 01 | 02 | 03 | 04 | 05 |
| 01 | 2005-2006 | 119 | 83 | |
| 02 | 2022-2023 | 711 | 401 | Growth rate 540% |

### 3.2 Inspection System:

In the fiscal year 2005-2006, the inspectors of the Directorate of Inspection of Factories and Establishment conducted inspection activities at factory, shop and institution level mainly according to various laws and ordinances related to labour. Safety, health and security inspection activities at factory level were carried out by respective inspectors through three separate checklists. Separate checklists were used by shop and establishment inspectors for shop/establishment level inspections. There was no Special Manual for Completing Checklists, Standard Operating Procedure (SOP), digital platform or application for conducting inspections or collecting inspection data rather the inspection data was stored manually.

The data obtained for the financial year 2022-2023 shows that the inspection activities at the level of factories, shops and establishments are currently carried out by the Department of Inspection for Factory and Establishment in accordance with the Bangladesh Labour Act, 2006 (which is framed in the light of about 25 previous labour laws/rules/ordinances) and Bangladesh Labour Rules, 2015 in factories, shops and establishment the

পরিদর্শনের জন্য কারখানা/প্রতিষ্ঠানের এলাকাভিত্তিক ঘনত্ব, বিভিন্ন সেক্টরের ঝুঁকির ধরন প্রভৃতি বিবেচনা করে বার্ষিক পরিদর্শন পরিকল্পনা প্রণয়ন করা হয় এবং সে মোতাবেক পরিদর্শন কার্যক্রম দেশব্যাপী চলমান রয়েছে।

পরিদর্শন টুলস হিসাবে কারখানা পরিদর্শনের জন্য ১২৫টি প্রশ্নের চেকলিস্ট, আরএমজি কারখানা পরিদর্শনের জন্য ১০০টি প্রশ্নের চেকলিস্ট, এস.এম.ই কারখানা পরিদর্শনের জন্য ৫০টি প্রশ্নের, বাণিজ্যিক প্রতিষ্ঠান পরিদর্শনের জন্য ৫০টি প্রশ্নের, দোকান/সুপারশপ পরিদর্শনের জন্য ২৫টি প্রশ্নের এবং শিপব্রেকিং ইয়ার্ড পরিদর্শনের জন্য ৫০টি প্রশ্নের চেকলিস্ট ব্যবহার করা হয়। চেকলিস্ট পূরণ এবং মূল্যায়নের জন্য ম্যানুয়াল রয়েছে।

পরিদর্শনের সম্পূর্ণ কার্যক্রম ডিজিটাল পদ্ধতিতে সম্পাদনের জন্য “লেবার ইন্সপেকশন ম্যানেজমেন্ট অ্যাপ্লিকেশন-LIMA” ব্যবহার করা হচ্ছে। পরিদর্শন সিডিউল তৈরি, চেকলিস্ট পূরণ, সংশোধনমূলক কর্মপরিকল্পনা (CAP) প্রণয়ন ও নোটিশ আকারে কারখানা/প্রতিষ্ঠান কর্তৃপক্ষকে প্রেরণ, লাইসেন্স ও নবায়ন প্রদান, মামলা দায়ের প্রভৃতি কার্যক্রম এই অ্যাপ্লিকেশনের মাধ্যমে সম্পাদন করা হচ্ছে।

ডেনমার্ক সরকার Strategic Sector Cooperation program (SSC) এর মাধ্যমে কারখানা/প্রতিষ্ঠান পর্যায়ে OSH (Occupational Safety and Health) Inspection-আরও কার্যকর ও ফলপ্রসূ করার জন্য ০৬ টি পরিদর্শন গাইডলাইন যথা কেমিক্যাল সেইফটি, মেশিনারি সেইফটি, অ্যাকসিডেন্ট প্রিভেনশন, কন্সট্রাকশন সেইফটি, আর্গোনমিক্স প্রস্তুত করা হয়েছে। উক্ত গাইডলাইনের উপর ৩৮ জন পরিদর্শককে মাস্টার ট্রেইনার হিসেবে গড়ে তোলা হয়েছে।

পরিদর্শন কার্যক্রমকে একই মানদণ্ডে আনয়ন ও কাঠামোগত করার জন্য সাধারণ পরিদর্শন, দুর্ঘটনার তদন্ত, পেশাগত ব্যাধির তদন্ত এবং অভিযোগ নিষ্পত্তি ও তদন্ত এবং কারখানা/প্রতিষ্ঠানের লাইসেন্স প্রদান বিষয়ক পৃথক পৃথক পাঁচটি Standard Operating Procedure (SOP) প্রস্তুত করা হয়েছে এবং তদানুসারে পরিদর্শন/তদন্ত কার্যক্রম পরিচালনা চলমান রয়েছে।

**পরিদর্শন টুলস/সহায়ক:**

| অর্থবছর | পরিদর্শন টুলস/সহায়ক | মন্তব্য |
|---|---|---|
| ০১ | ০২ | ০৩ |
| ২০০৫-২০০৬ | ৪টি পরিদর্শন চেকলিস্ট | |
| ২০২২-২০২৩ | বার্ষিক পরিদর্শন পরিকল্পনা | |
| | ০৬টি পরিদর্শন চেকলিস্ট | |
| | ০৫টি পরিদর্শন এস ও পি | |
| | ০৬টি পরিদর্শন গাইডলাইন | |
| | পরিদর্শনের স্বয়ংক্রিয় অ্যাপ্লিকেশন (LIMA) | |

**বর্তমান পরিদর্শন ব্যবস্থার ফ্লোচার্ট:**



Annual inspection plan is formulated considering area wise density of factories/establishments, risk type of various sectors and accordingly inspection activities are conducted country wide.

125-question checklist for factory inspection, 100-question checklist for RMG factory inspection, 50-question checklist for SME factory inspection, 50-questionchecklist for commercial establishment inspection, 25-question checklist for shop/supershop inspection and 50-question checklist for shipbreaking yard are used for inspection. There are manuals for completing and evaluating checklists.

To carry out the entire process of inspection in digital mode “Labour Inspection Management Application-(LIMA)” is being used. Preparation of Inspection Schedule, Completion of Checklist, Corrective Action Plan (CAP). and sending of notices to factory/establishment authorities, issuance of licenses and renewals, filing of cases, etc. are being carried out through this application.

Through Strategic Sector Cooperation program (SSC) of Denmark Government 06 inspection guidelines are prepared to make OSH (Occupational Safety and Health) Inspection more effective and efficient at factory/establishment level and these guidelines are on Chemical Safety, Machinery Safety, Accident Prevention, Construction Safety, Ergonomics. 38 inspectors have been developed as master trainers on 06 guidelines.

To standardize and structure the inspection activities five separate sections on general inspection, accident investigation, occupational disease investigation and grievance redressal and investigation and licensing of factories/establishments, five separate Standard Operating Procedure (SOP) have been Prepared and accordingly inspection/investigation activities are ongoing.

**Inspection tools/Assistante:**

| Fiscal year | Inspection tools/assistants | Comment |
|---|---|---|
| 01 | 02 | 03 |
| 2005-2006 | 4 Inspection Checklist | |
| 2022-2023 | Annual inspection plan | |
| | 06 inspection checklist | |
| | 05 Inspection SOP | |
| | 06 inspection guidelines | |
| | Automatic Application of Inspection (LIMA) | |

**Flow Chart of current inspection system:**



## ৪. ডিজিটাইজেশন ও উদ্ভাবনী উদ্যোগ:

২০০৫-২০০৬ অর্থবছরে কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন পরিদপ্তরের কোন ডিজিটাল সেবা বা ডিজিটাল সিস্টেম বা অনলাইন সেবা ব্যবস্থা ছিল না।

২০২২-২৩ অর্থবছরে প্রাপ্ত তথ্য মোতাবেক কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তরের ডিজিটাইজেশন ও উদ্ভাবনী উদ্যোগ সংক্ষেপে নিম্নরূপ:

- অত্র অধিদপ্তর পরিদর্শন কার্যক্রম, অভিযোগ নিষ্পত্তি, লাইসেন্সিং প্রভৃতি কার্যক্রম অনলাইনে সম্পাদন করার জন্য লেবার ইন্সপেকশন ম্যানেজমেন্ট অ্যাপস (LIMA) ব্যবহার করে আসছে। লিমা অ্যাপসের গুরুত্বপূর্ণ মডিউল হল:

- এল আই (LI) মডিউল: পরিদর্শন পরিকল্পনা, চেকলিস্ট পূরণ, নোটিশ প্রেরণের জন্য ব্যবহৃত হয়।
- OSH মডিউল: পেশাগত দুর্ঘটনা/ব্যাধির নোটিশ প্রদানের জন্য ব্যবহৃত হয়;
- এফডি (FD) মডিউল: কারখানা/প্রতিষ্ঠানের লাইসেন্সের/নবায়নের আবেদন দাখিল এবং ডাটাবেজ সংরক্ষণের জন্য ব্যবহৃত হয়;
- এমআইএস (MIS) মডিউল: অধিদপ্তরের কর্মকর্তাগণের তথ্য সংগ্রহের জন্য ব্যবহৃত হয়।

- LIMA এর সাথে ই-নথি এবং লাইসেন্স ফি প্রদানের জন্য এক পে (One Pay)-এর সংযোগ করা হয়েছে;
- বিভিন্ন অনলাইন সেবা প্রদান সহজীকরণের জন্য বিভিন্ন মোবাইল ফোন অপারেটরের ম্যাসেজিং সেবা LIMA তে সংযোগ করা হয়েছে;
- LIMA এর মাধ্যমে নতুন লাইসেন্স ও নবায়ন প্রদান কার্যক্রম, পরিদর্শন, অভিযোগ গ্রহণ প্রভৃতি কার্যক্রম পরিপূর্ণভাবে শুরু করা হয়েছে।
- দ্রুত গতিতে মাঠ পর্যায় হতে তথ্য সংগ্রহের জন্য One Click Reporting System রয়েছে;
- কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তরের সকল অনলাইন সেবার লিংক এক প্লাটফর্মে প্রদর্শনের লক্ষ্যে ডাইফ এক সেবা মোবাইল এপ্লিকেশন চালু করা হয়েছে;
- চাহিদা পত্র প্রদানের জন্য Inventory and Requisition System চালু করা হয়েছে;
- পেশাগত স্বাস্থ্য ও নিরাপত্তা (OSH) সংক্রান্ত এসেসমেন্ট-এর জন্য DIFE OSH e-tools নামক ওয়েভভিত্তিক এপ্লিকেশন ফেব্রুয়ারি ২০২২ তারিখ হতে চালু করা হয়েছে ফলে কিছু প্রশ্ন ও উত্তরের মাধ্যমে কোন প্রতিষ্ঠানের রিস্ক এসেসমেন্ট করা যাবে।

এছাড়াও বিবেচ্য সময়ে নিম্নোক্ত পদক্ষেপ গ্রহণ করা হয়েছে:

- অধিদপ্তরের জন্য Personal Information Management System (PIMS) তৈরি করা হচ্ছে;
